

বঙ্গবন্ধু ফাউন্ডেশন অস্ট্রেলিয়ার উদ্যোগে কবিতা পাঠের আসর !

আজ ২০ ফেব্রুয়ারী, শনিবার সিডনির অ্যাশফিল্ড পার্কের আন্তর্জাতিক মাতৃভাষা সৌধের চত্বরে বঙ্গবন্ধু ফাউন্ডেশন অস্ট্রেলিয়ার উদ্যোগে কবিতা পাঠের আসর এবং পুষ্পাঞ্জলি প্রদান করা হয়। বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সভাপতি ড: আবুল হাসনাৎ মিল্টনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে কবিতা পাঠ ও আবৃত্তি করেন শাহরিয়ার পাভেল, নোমান শামীম, কাজি সুলতানা সিমি, খোদেজা জাহান শ্যামলী, লিলি গোমেজ, মালা চৌধুরী, ছায়া বিশ্বাস, ফজলুল মিরাজ ও কবি আবুল হাসনাৎ মিল্টন। কবিতা পাঠের মাঝে মাঝে শুভেচ্ছা বক্তব্য রাখেন গামা আব্দুল কাদির, ব্যারিস্টার সিরাজুল হক, সিডনির বইমেলায় রূপকার নেহাল বারী, রোনাল্ড পাত্র, মোহাম্মদ আলি শিকদার, প্রমুখ।

সভায় ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর ভূমিকা প্রসঙ্গে ভাষা সৈনিক গাজীউল হকের বই থেকে উদ্ধৃত করে বলা হয়, 'সম্মেলনের কমিটিতে গৃহীত প্রস্তাবগুলো পাঠ করলেন সেদিনের ছাত্রনেতা শেখ মুজিবুর রহমান।' ভাষা সম্পর্কিত প্রস্তাব উত্থাপন করে তিনি বললেন, 'পূর্ব পাকিস্তান কর্মী সম্মেলন প্রস্তাব করিতেছে যে, বাংলা ভাষাকে পূর্ব পাকিস্তানের লিখার বাহন ও আইন আদালতের ভাষা করা হউক। সমগ্র পাকিস্তানের রাষ্ট্রভাষা কি হইবে তৎসম্পর্কে আলাপ-আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের ভার জনসাধারণের উপর ছাড়িয়া দেওয়া হউক। এবং জনগণের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গৃহীত হউক।' এভাবেই ১৯৪৭ সালের সেপ্টেম্বর মাসে বাংলা দাবি প্রথমে উচ্চারিত হয়েছিল। অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক এলিজা আজাদ টুম্পা স্বাগত বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে সংগঠনের পক্ষ থেকে আন্তর্জাতিক মাতৃভাষা সৌধে পুষ্পাঞ্জলি প্রদান করা হয়।

